

অধিকার

আমার অধিকার - দাসত্বের
আমার অধিকার - মুক ও বধিরের
আমার অধিকার - দিবারাত্র কঠোর পরিশ্রমের।
আমার অধিকার - কষাঘাত প্রাপ্তির
আমার অধিকার - অভূতের হাসির।
আমার অধিকার - ত্যাগ ও বিসর্জনের,
আমার অধিকার - সকলের বিবেচনায় যেটা অনধিকার।
তাই, আমি অভিধান খুঁজি
স্বাধিকার ভঙ্গ শব্দার্থের।
পুঁথি-পত্র পর্যুদস্ত হয় বিশুদ্ধ বিবেকের কাছে
বীরসা-মুন্ডার কথা মনে পড়ে শুধু থেকে থেকে।

বিকাশ চত্রবর্তী

